E-File

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
বাগেরহাট
www.bagerhat.gov.bd

২৪জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখ :--------------------------------
০৭জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নং- ০৫.৪৪.০১০০.০০৮.০০৬.০০১.১৭- ৫০৪

বিষয় : বাগেরহাট জেলাধীন মোরেলগঞ্জ উপজেলার পানগুছি নদী পারাপারের জন্য একটি নতুন বড় ফেরি বরাদ্দ এবং মোরেলগঞ্জ-শরণখোলা সড়কের বেইলি ব্রিজের দ্রুত সংস্কার সংক্রান্ত ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশের দক্ষিণাঞ্চলের একটি গুরুত্বপূর্ণ জেলা বাগেরহাট। বাগেরহাট জেলায় রয়েছে বাংলাদেশের দ্বিতীয় সমুদ্র বন্দর মোংলা, বিশ্ব ঐতিহ্য সুন্দরবন ও ষাটগুম্বজ মসজিদ, মোংলা ইপিজেড, অর্থনৈতিক অঞ্চল, বিভিন্ন পর্যটন কেন্দ্রসহ অসংখ্য ছোট-বড় শিল্প প্রতিষ্ঠান । বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন সুন্দরবনের অংশ বিশেষ এ জেলার শরণখোলা উপজেলায় অবস্থিত । এ কারণে প্রতি বছর অসংখ্য পর্যটক সুন্দরবনের প্রবেশদ্বার শরণখোলা উপজেলা ভ্রমণ করেন। জেলা শহর হতে শরণখোলা উপজেলার যোগাযোগের অন্যতম মাধ্যম বাগেরহাট-সাইনবোর্ড-মোরেলগঞ্জ-শরণখোলা-বগী সড়ক। মোরেলগঞ্জ উপজেলার পানগুছি নদী পার হয়ে মোরেলগঞ্জ উপজেলার হেড কোয়ার্টারসহ ৬টি ইউনিয়ন এবং শরণখোলা উপজেলায় যেতে হয়। অত্যন্ত খরস্রোতা পানগুছি নদীতে বিদ্যমান ফেরিটি পুরাতন হয়ে যাওয়ায় জনগণ ও যানবাহন পারাপার বর্তমানে ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে । তাছাড়া সম্প্রতি সংঘটিত ট্রলার দুর্ঘটনার কারণে ফেরি দিয়ে জনগণের পারাপারের হার বৃদ্ধি পেয়েছে । পাশাপাশি মোরেলগঞ্জ-শরণখোলা-বগী সড়কের বেইলি ব্রিজের অসংখ্য প্লেট নষ্ট হয়ে যাওয়ায় বর্তমানে যানবাহন চলাচল ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। তাই জরুরী ভিত্তিতে পানগুছি নদীর ওপর মোরেলগঞ্জ ফেরিটি পরিবর্তন করে একটি নতুন বড় ফেরি স্থাপন এবং মোরেলগঞ্জ-শরণখোলা সড়কের বেইলি ব্রিজের দ্রুত সংস্কার করা না হলে এ জেলার দক্ষিণাঞ্চলের সাথে সড়ক পথে জেলা সদরসহ অন্যান্য জেলার যোগাযোগ ব্যবস্থা অচল হয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়টি গত ২১-০৫-২০১৭ তারিখ অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অত্যন্ত গুরুত্বের সাথে আলোচিত হয়েছে এবং মোরেলগঞ্জ ফেরিটি পরিবর্তন করে একটি নতুন বড় ফেরি বরাদ্দ ও মোরেলগঞ্জ-শরণখোলা সড়কের বেইলি ব্রিজের দ্রুত সংস্কার কাজের জন্য মহোদয়ের সাথে পত্র যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কপি সংযুক্ত)।

০২। বর্ণিতাবস্থায়, জনদুর্ভোগ লাঘবসহ বাগেরহাট জেলার দক্ষিণাঞ্চলের সাথে নির্বিঘ্ন সড়ক যোগাযোগের জন্য পানগুছি নদীতে চলমান ফেরিটি পরিবর্তন করে একটি নতুন বড় ফেরি বরাদ্দ/স্থাপন এবং মোরেলগঞ্জ-শরণখোলা সড়কের বেইলি ব্রিজের দ্রুত সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

৭/৬/২০১৭

( তপন কুমার বিশ্বাস )
পরিচিতি নং- ৬৪৪২
জেলা প্রশাসক
বাগেরহাট
ফোন নং- ০৪৬৮-৬২৫১৫ (অফিস)
ফ্যাক্স নং- ০৪৬৮-৬২১৩৩
ই-মেইল-dcbagerhat@mopa.gov.bd

সচিবের দপ্তর
অতিরিক্ত সচিব
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (বাজেট)
✓ অতিরিক্ত সচিব (উন্নয়ন)
অতিরিক্ত সচিব (এস্টেট)
যুগ্ম প্রধান
একান্ত সচিব
ডাইরী নম্বরঃ ৭৭১৬
তারিখঃ 12 JUN 2017
স্বাক্ষরঃ

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয় / মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন,ঢাকা ।
০২। সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৩। বিভাগীয় কমিশনার,খুলনা বিভাগ, খুলনা ।
০৪। ড. নমিতা হালদার, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা ।
০৫। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা ।
০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, বাগেরহাট ।
০৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
বাগেরহাট
www.bagerhat.gov.bd

**জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : তপন কুমার বিশ্বাস
জেলা প্রশাসক, বাগেরহাট।
তারিখ : ২১-০৫-২০১৭ খ্রিস্টাব্দ।
সময় : সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, বাগেরহাট।

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "০১-০২" এবং অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী পরিশিষ্ট "০৩-০৪" ।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং সুধীবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে এ জেলায় সদ্য যোগদানকৃত নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাগেরহাট, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেটবৃন্দ, উপ-ব্যবস্থাপক, বিসিক,বাগেরহাট, সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, বাগেরহাট এবং সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বাগেরহাট পরিচয় বিনিময় করেন। তাঁরা নিজ নিজ বিভাগের কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),বাগেরহাট গত ১৬ এপ্রিল ২০১৭ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় এবং কার্যবিবরণীটি সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগ ভিত্তিক গত সভার সিদ্ধান্ত, সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি, চলমান উন্নয়ন প্রকল্প, কর্মসূচি, কার্যক্রম এবং আলোচ্য বিষয়সমূহ মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয় এবং নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | **জেলা পরিষদ** | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট সভায় জানান যে, ২০১৬-১৭ অর্থ বছরে এডিপির ৫২৫.০০ লক্ষ টাকায় ৪৩২টি প্রকল্প এবং রাজস্ব তহবিলের ২৫১.১১ লক্ষ টাকার ১৭২টি প্রকল্পের কাজ চলছে। এর মধ্যে ১১৫টি দরপত্রের মাধ্যমে ও ৫৭ টি প্রকল্প কমিটি এর মাধ্যমে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ১২৫টি গৃহ নির্মাণ প্রকল্পের মোট প্রাক্কলিত মূল্য ৪৩৩.৭৫ লক্ষ টাকা। কাজের অগ্রগতি ৯৫%। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে। তিনি সভায় আরও জানান, এ মাসের প্রথম দিকে সৃষ্ট বৃষ্টিতে জেলা পরিষদের ১টি শিশু গাছ ও ১টি রেইন ট্রি উপড়ে পড়ায় বন বিভাগের কর্মকর্তা দ্বারা উক্ত গাছ ০২টির পরিমাপ করে মূল্য নির্ধারণ করা হয়েছে। তিনি উক্ত গাছ ০২টি নিলামে বিক্রয়ের অনুমোদন প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া, আপাতত: উল্লেখযোগ্য তেমন কোন সমস্যা নেই । | ১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।<br>২. বৃষ্টিতে উপড়ে পড়া জেলা পরিষদের ১টি শিশু গাছ ও ১টি রেইন ট্রি বিধি মোতাবেক নিলামে বিক্রয় করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট। |
| ০২ | **স্বাস্থ্য বিভাগ** | সিভিল সার্জন, বাগেরহাট সভায় জানান যে, বাগেরহাট সদর হাসপাতালসহ জেলার অন্যান্য হাসপাতালে চিকিৎসা সেবা প্রদান অব্যাহত আছে। সদর হাসপাতালকে ১০০ শয্যা হতে ২৫০ শয্যায় উন্নীত করণ কাজ শেষ পর্যায়। অচিরেই উক্ত ভবন হস্তান্তর হবে। সম্প্রতি ১৫ জন মেডিকেল অফিসার ও ১জন কনসালটেন্ট যোগদান করেছেন। নতুন হাসপাতাল ভবনের সামনে প্রবেশ পথের মুখে পরিত্যক্ত ডায়রিয়া ওয়ার্ড ভবনসহ সিভিল সার্জন অফিসের পুরাতন ভবনসমূহ অপসারণ করা প্রয়োজন। বাগেরহাট নার্সিং ইনষ্টিটিউটকে নার্সিং কলেজে রুপান্তিত করার লক্ষ্যে পর্যাপ্ত জমি হাসপাতাল ক্যাম্পাসে নেই। তাই নার্সিং কলেজের জন্য জমি অধিগ্রহণ প্রয়োজন। হাসপাতালে ষ্টোর না থাকায় ঔষধপত্র ও অন্যান্য মালামাল সংরক্ষণে অসুবিধার সৃষ্টি হচ্ছে । মর্গের দ্রুত উন্নয়ন করা আবশ্যক। তিনি সভায় আরও জানান, লোড শেডিং এর সময় হাসপাতালের জেনারেটরের পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ করা কষ্টকর হয়ে পড়ে। তাই তিনি সদর হাসপাতালে ডাবল বৈদ্যুতিক সংযোগ প্রদানের অনুরোধ জানান। | ১.পরিত্যক্ত ডায়রিয়া ওয়ার্ড ভবনসহ সিভিল সার্জন অফিসের পুরাতন ভবনসমূহ অপসারণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. বাগেরহাট সদর হাসপাতালের স্টোর নির্মাণ ও মর্গের উন্নয়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ করতে হবে।<br>৩.বাগেরহাট সদর হাসপাতালে ডাবল বৈদ্যুতিক সংযোগ প্রদানের ব্যবস্থা নিতে হবে। | ১.সিভিল সার্জন, বাগেরহাট।<br>২.নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাগেরহাট।<br>৩.নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লিঃ, বাগেরহাট। |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্ত |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০৩ | **পুলিশ বিভাগ** | পুলিশ সুপার, বাগেরহাট-এর প্রতিনিধি সভায় জানান যে, জেলায় আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে । আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ বিভাগের কর্মতৎপরতা অব্যাহত আছে। তিনি আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | পুলিশ সুপা বাগেরহাট। |
| ০৪ | সড়ক ও জনপথ বিভাগ | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, বাগেরহাট সভায় জানান যে, বর্তমান অর্থ বৎসরে পিরিয়ডিক মেইনটেন্যান্স উপ-খাতে ৪৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ বরাদ্দে প্রায় ২১টি কাজের ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ১৮টি কাজ সমাপ্ত হয়েছে, অবশিষ্ট ৩টির কাজ চলমান আছে। চলতি মাসেই দরপত্র গ্রহণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। রুটিন মেনটেন্যান্স উপ-খাতে প্রাপ্ত ১২৫.০০ লক্ষ টাকায় গৃহীত প্রকল্পের মধ্যে ৭টির কাজ ইতোমধ্যেই সমাপ্ত হয়েছে। এছাড়া, বিভাগীয়ভাবে সড়ক মেরামত/সংস্কার কাজ অব্যাহত রয়েছে। কাটাখালী-নোয়াপাড়া সড়ক মেরামত/সংস্কার কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দশানী-রামপাল-মোংলা সড়ক সংস্কারসহ খেগড়াঘাট ব্রীজের এপ্রোচ সড়ক দ্রুত নির্মাণ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>৪.২ উপজেলা পরিষদ চেয়ারম্যান, মোরেলগঞ্জ সভায় জানান, মোরেলগঞ্জ ফেরিঘাটের পশ্চিম পারের পন্টুনটি পুরাতন হয়ে যাওয়ায় নষ্ট হয়ে যাচ্ছে। পানগুছি নদী অত্যন্ত খরস্রোতা। ভাটার সময়ে পন্টুনটি নীচে নেমে আসায় যানবাহন ফেরি থেকে উঠানামাতে ঝুঁকিপূর্ণ অবস্থার সৃষ্টি হয়। তাছাড়া সম্প্রতি সংঘটিত ট্রলার ডুবির দুর্ঘটনার কারণে ফেরি দিয়ে জনগণের পারাপারের হার বেড়ে গেছে। তাই মোড়েলগঞ্জে জরুরী ভিত্তিতে একটি নতুন বড় ফেরির ব্যবস্থা করা প্রয়োজন এবং উল্লিখিত পন্টুনটি সরিয়ে নতুন পন্টুন স্থাপন করা প্রয়োজন । তিনি সভায় আরও জানান, মোরেলগঞ্জ-শরণখোলা সড়কের বেইলি ব্রিজটির অসংখ্য প্লেট নষ্ট হয়ে গেছে। ব্রিজটি দ্রুত সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। তিনি এ বিষয়ে সভাপতি মহোদয়কে যথাযথ কর্তৃপক্ষের সাথে পত্রালাপের অনুরোধ জানান ।<br>৪.৩ উপজেলা পরিষদ চেয়ারম্যান, মোংলা সভায় জানান, রামপাল-পেড়িখালী রাস্তাটি দ্রুত মেরামত/সংস্কার করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা সভায় জানান, রামপাল-মোংলা নদীতে ফেরি চলাচল অব্যাহত রাখা প্রয়োজন । | ১. মোড়েলগঞ্জের পানগুছি নদী পারাপারের জন্য জরুরী ভিত্তিতে একটি নতুন বড় ফেরি বরাদ্দ এবং মোরেলগঞ্জ-শরণখোলা সড়কের বেইলি ব্রিজের দ্রুত সংস্কারের যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভাপতি যোগাযোগ মন্ত্রণালয়ের সাথে পত্রালাপ করবেন।<br>২.মোরেলগঞ্জ ফেরিঘাটের পশ্চিম পারের পন্টুন পরিবর্তন, রামপাল-পেড়িখালী রাস্তা দ্রুত মেরামত/ সংস্কার এবং রামপাল-মোংলা নদীতে ফেরি চলাচল অব্যাহত রাখার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.জেলা প্রশাসক, বাগেরহাট,<br>২.নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, বাগেরহাট। |
| ০৫ | **গণপূর্ত বিভাগ** | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাগেরহাট সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভাগীয় কার্যক্রম পরিচালনায় উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। তবে ২০টি জেলা রেজিস্ট্রি অফিস নির্মাণ কাজের আওতায় জেলা রেজিস্ট্রি অফিস নির্মাণ কাজের জমি অধিগ্রহণ করা প্রয়োজন। পাসপোর্ট অফিস এবং মোল্লাহাট, কচুয়া, রামপাল ও ফকিরহাট ফায়ার ষ্টেশন নির্মাণের জন্য জমির মূল্য বাবদ অর্থের চেক জেলা প্রশাসক বরাবর হস্তান্তর করা হয়েছে। আপাতত: উল্লেখযোগ্য তেমন কোন সমস্যা নেই ।<br>৫.২ সভাপতি সভায় জানান, এ জেলায় অফিসার্স কোয়ার্টার এবং অফিসার্স ডরমেটরি নির্মাণের দ্রুত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন । তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাগেরহাট এর দৃষ্টি আকর্ষণ করেন । | ১. উন্নয়নমূলক কাজের গুনগতমান সঠিক ও সমুন্নত রাখতে হবে।<br>২.জেলা রেজিস্ট্রি অফিস নির্মাণ বিষয়ে প্রত্যাশী সংস্থা থেকে জায়গা নির্ধারন করে হুকুম দখলের আবেদন পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৩. বাগেরহাট জেলায় অফিসার্স কোয়ার্টার এবং অফিসার্স ডরমেটরি নির্মাণের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাগেরহাট। |